দৈনিক সংবাদ

C74

তারিখ 10 JUL 1987

পৃষ্ঠা ... ৪ কলাম ১

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৩ কোটি ৩৮ লাখ টাকার রাজস্ব বাজেট প্রস্তাব

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

১৯৮৭-৮৮ অর্থবছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য ২৩কোটি ৩৮ লাখ ৪৮ হাজার ৭শ ৫০ টাকার রাজস্ব বাজেট প্রস্তাব করা হয়েছে এর মধ্যে ঘাটতির পরিমাণ ২৮ লাখ ৪৮ হাজার ৭শ ৫০টাকা।

বিশ্ববিদ্যালয় সিনেটের বার্ষিক অধিবেশনের মুলতবী সভায় গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক আবদুল্লাহ ফারুক বাজেটটি পেশ করেন। বাজেট বক্তৃতাকালে তিনি বলেন, বর্তমান সরকার শিক্ষাখাতে বেশী ব্যয় করেছেন বলে দাবী করলেও তা অন্ততঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য করা হয়নি। মঞ্জুরি কমিশন থেকে যে টাকা এখন পাওয়া যাচ্ছে তা বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার মান উঁচু রাখার জন্য যথেষ্ট নয়।

কোষাধ্যক্ষের বাজেট বক্তৃতার ওপর আলোচনা শুরু হয়। আলোচনা অসমাপ্ত অবস্থায় অধিবেশন আগামীকাল বিকেল সাড়ে ৩টা পর্যন্ত মুলতবী ঘোষণা করা হয়।

### ওয়াক আউট

গত ২৯শে জুন সিনেটের বার্ষিক অধিবেশন মুলতবী হয়ে যাবার পর গতকাল তা আবার শুরু হবার পরপরই সিনেট সদস্য অধ্যাপক ম, আখতারুজ্জামান

(১১-এর পাতায় দেখুন)

## কোরাজন

(প্রথম পাতার পর)

এই অভ্যুত্থানের পরিকল্পনার প্রেক্ষিতে মার্কিন সরকার হাওয়াই-এ মার্কোসকে নজরবন্দী করে রেখেছেন। যুক্তরাষ্ট্র বলেছে, মার্কোসের এই তৎপরতা যে সমস্ত শর্তে তিনি অতিথি হিসেবে যুক্তরাষ্ট্রে অবস্থান করছেন তার সুস্পষ্ট লংঘন।

মার্কিন সরকারের এই উদ্যোগে কোরাজন একুইনো সন্তোষ প্রকাশ করেছেন।